

সিয়াম

মনির হোসেন হেলাল

খোদাপ্রেমীদের অন্তর জুড়ে হাহাকার মরুভূমি,
এগারোটি মাস প্রতীক্ষা করে কখন আসবে তুমি।
শয়তান আর শয়তানীতে দুনিয়া গেছে ভরে,
তুমি এলে পরে শয়তানগুলো শৃংখলে বাঁধা পরে।
সিয়াম কিয়াম জাগায় মনে তাকওয়ার অনুভূতি,
সিয়ামকারী খোদার কাছে তাইতো প্রিয় অতি।
খানাপিনা আর ভোগবিলাসে সংযমী হতে হবে,
সিয়ামকারীর অন্তরে সদা তাকওয়া জেগে রবে।
শেষদশকে এতেকাফে বসে সাধনা করে যায়,
কুরআনের রাত শবে ক্বদরের যদিবা দেখা পায়।
কাল হাশরে খোদার কাছে জান্নাত যবে পাবে,
সিয়ামকারীর শত কষ্ট নিমিষেই মুছে যাবে।
দুহাত তুলে মুনাযাত করি “ওগো মোর দয়াময়,
এ সিয়াম যেন মোর জীবনের শ্রেষ্ঠ সিয়াম হয়”।